আমরা ছোট শিশুদের সাথে (মদীনার উপকণ্ঠে অবস্থিত) ‘সানিয়াতুল ওদা‘’ নামক স্থানে তাঁকে স্বাগত জানাতে গিয়েছিলাম।

সায়েব ইবন ইয়াযীদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যখন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাবূক অভিযান হতে ফিরে এলেন, তখন তাঁকে মানুষেরা অভ্যর্থনা জানিয়ে আনতে গেল, আমি গেলাম বাচ্চাদের সাথে সানিয়াতুল ওদা‘’ নামক স্থানে।
আর ইমাম বুখারী বর্ণনা করেন, “আমরা ছোট শিশুদের সাথে (মদীনার উপকণ্ঠে অবস্থিত) ‘সানিয়াতুল ওদা‘’ নামক স্থানে তাঁকে স্বাগত জানাতে গিয়েছিলাম।”
[উভয় বর্ণনাসহ সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

সায়েব রাদিয়াল্লাহু ‘আনহু সংবাদ দেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সাহাবীদের সাথে নিয়ে তাবুকের যুদ্ধ থেকে ফিরে মদীনায় আগমন করেন, তখন তারা মদিনার সন্নিকটে ‘সানিয়্যাতুল ওদা‘‘ নামক স্থানে তাকে সম্ভাষণ জানানোর জন্য বের হন। এটা ছিল তাদের প্রতি ভালোবাসা ও তাদের অন্তর জয় করা এবং যারা যুদ্ধে যায় না তাদের প্রতি উৎসাহ প্রদান।

https://sunnah.global/hadeeth/bn/show/6386